



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সেটেলমেন্ট অফিসারের কার্যালয়
দিয়ারা অপারেশন, ঢাকা
২৮, শহীদ তাজ উদ্দিন আহমেদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.diar.gov.bd



“ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল”

দিয়ারা অপারেশন, ঢাকা এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে ভূমি অংশীজনের সমন্বয়ে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব খান মো: নাজমুস শোয়েব, উপসচিব ও সেটেলমেন্ট অফিসার, দিয়ারা অপারেশন, ঢাকা
সভার তারিখ : ২০/০২/২০২৩ খ্রি. তারিখ রোজ সোমবার
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান : ৫নং বিলমাড়ীয়া ইউনিয়ন পরিষদ ডিজিটাল জরিপ ক্যাম্প, লালপুর, নাটোর, দিয়ারা অপারেশন, রাজশাহী

২। সফর সঙ্গী ও উপস্থিতি: আমার সফর সঙ্গী জনাব সুজন কান্তি দাশ কারিগরি উপদেষ্টা, দিয়ারা অপারেশন, ঢাকা পরিদর্শন কাজে সহায়তা করেন। পরিদর্শনকালে জনাব মো: ফজলুর করিম, সহকারী সেটেলমেন্ট অফিসার ও চার্জ অফিসার, জনাব মোঃ সাইফুল ইসলাম, উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার/কানুনগো, জনাব কমলেশ বিশ্বাস, উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার/কানুনগো, দিয়ারা সেটেলমেন্ট অপারেশন, রাজশাহী এবং বিলমাড়ীয়া ইউনিয়ন পরিষদ ডিজিটাল জরিপ ক্যাম্প, লালপুর, নাটোর কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত মত বিনিময় সভায় জনাব শামীমা সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর, জনাব দেবশীস বশাক, সহকারী কমিশনার (ভূমি), লালপুর, নাটোর, জনাব মো: মনোয়ারুজ্জামান, ভারপ্রাপ্ত কর্মকর্তা, লালপুর থানা, লালপুর, নাটোর, জনাব মো: ইছহাক আলী, চেয়ারম্যান, লালপুর উপজেলা পরিষদ, নাটোর, জনাব মো: সিদ্দিক আলী (মিষ্টু), চেয়ারম্যান, ৫নং বিলমাড়ীয়া ইউনিয়ন পরিষদ, লালপুর, নাটোর, জনাব মো: তোফাজ্জল হোসেন তুফা, চেয়ারম্যান, ৮ নং দুড়দুড়িয়া ইউনিয়ন পরিষদ, লালপুর, নাটোরসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

৩। আলোচনা: সভাপতি সভার প্রারম্ভে ভূমি মালিকগণসহ উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী দিয়ারা অপারেশন, ঢাকা এর কারিগরি উপদেষ্টা জনাব সুজন কান্তি দাশকে সভার কাজ শুরু করার জন্য অনুরোধ জানান। তিনি সভাকে জানান যে, বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার কাজে অগ্রণী ভূমিকা হিসেবে মৌজায় ডিজিটাল জরিপ কাজ পরিচালনা করা অপরিহার্য। সে আলোকে নাটোর জেলার লালপুর উপজেলাধীন ৪৮ নং নওসারা সুলতান এবং ৫৫ নং দিয়ার সংকরপুর মৌজার ডিজিটাল জরিপের গুরুত্ব সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে আরো অবহিত করেন, সেবা গ্রহীতা যেন কাঙ্ক্ষিত সেবা নির্ধারিত সময়ে পান সে লক্ষ্যে দিয়ারা অপারেশন, রাজশাহী দৃশ্যমান স্থানে হাল নাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) টানানো হয়েছে এবং অত্র ক্যাম্প অফিসেও টানানো হবে। সভাপতি দিয়ারা অপারেশন রাজশাহী থেকে প্রত্যাশিত সেবা নির্ধারিত সময়ের মধ্যে পেয়ে থাকেন কি না এ বিষয়ে ভূমি মালিকগণের কোন মতামত/পরামর্শ থাকলে ব্যক্ত করতে বলেন। উপস্থিত ভূমি মালিকগণ নির্ধারিত সময়ের মধ্যে সেবা পেয়ে থাকেন মর্মে উল্লেখ করেন।

৪। সভাপতি কারিগরি উপদেষ্টা, দিয়ারা অপারেশন, ঢাকাকে ভূমি মালিকগণের সুবিধার্থে জরিপ কার্যে স্তরভিত্তিক বিভিন্ন সেবামূল্য উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সে আলোকে তিনি ডিজিটাল জরিপ কাজে নিয়োজিত স্তরভিত্তিক বিভিন্ন সেবামূল্যসমূহ সভায় পাঠ করে শুনান।

ক্রম	স্তরের নাম	সেবার নাম	সেবামূল্য	মন্তব্য
০১	কিস্তোয়ার	সরে জমিনে প্রতিটি ভূমি খন্ড পরিমাণ ও নকশা অংকন	বিনামূল্যে	
০২	খানাপুরি	(ক) নকশায় দাগ নম্বর দেয়া (খ) জমি মালিকের তথ্যাদি নিয়ে তার নামে খতিয়ান/পর্চা প্রস্তুত করা	বিনামূল্যে	
০৩	বুঝারত	(ক) প্রস্তুতকৃত খতিয়ান/পর্চা ভূমি মালিকগণকে বিলি করা/বুঝিয়ে দেয়া	বিনামূল্যে	

ক্রম	স্তরের নাম	সেবার নাম	সেবামূল্য	মন্তব্য
		(খ) বিবাদ দায়ের ও বিবাদ শুনানী (গ) বদর (পুনরায় পরিমাপ)		
০৪	তসদিক বিধি- ২৮	(ক) খতিয়ান সত্যায়ন (পূর্ববর্তী রেকর্ড ও মালিকানার প্রমাণাদি অন্তর্ভুক্ত) (খ) বিবাদ দায়ের ও বিবাদ শুনানী (গ) বদর (পুনরায় পরিমাপ) ফি (প্রথম দাগ) (ঘ) অতিরিক্ত প্রতি দাগের জন্য	বিনামূল্যে ৫/- (পাঁচ) টাকা ১/- (এক) টাকা	বদর ফি ডিসিআর এর মাধ্যমে নগদ আদায় করতে হবে।
০৫	তসদিক উত্তর যাঁচ	(ক) মিসটেক (ভুল) সংশোধন করা (খ) খতিয়ান ও নকশা যাঁচকরণ (সঠিকতা যাচাই করা) (গ) ভূমি মালিকগণের নামের আদ্যক্ষর অনুসারে সাজিয়ে খতিয়ানের নতুন নম্বর (ডিপি নম্বর) দেয়া	বিনামূল্যে	
০৬	খসড়া প্রকাশনা (ডিপি) বিধি- ২৯	(ক) প্রস্তুতকৃত খতিয়ান ও নকশা প্রদর্শনকরা (খ) আপত্তি মামলা গ্রহণ (i) প্রতি আপত্তি কেসের জন্য কোর্ট ফি প্রদেয় (ii) প্রতি আপত্তি কেসের ঠিকানায় প্রসেস ফি	বিনামূল্যে ২০/- (বিশ) টাকার কোর্ট ফি। ৫০/- (পঞ্চাশ) টাকার কোর্ট ফি।	সরকারি (জেলা প্রশাসক) কেসের কোর্ট ফি মওকুফ, তবে প্রসেস ফি প্রযোজ্য। কোর্ট ফির মাধ্যমে আদায় করতে হবে।
০৭	আপত্তি বিধি- ৩০	(ক) আপত্তি মামলা শুনানি ও নিষ্পত্তি (খ) বদর (পুনরায় পরিমাপ) ফি (প্রথম দাগ) (গ) পরবর্তী প্রতি দাগ (ঘ) বদর আমিন/ সার্ভেয়ার	বিনামূল্যে ১৫/- (পনের টাকা) ০৩/- (তিন টাকা) ক্যাম্প হতে মৌজার দুরত্ব ৬ মাইলের উর্দে হলে ১ জন সার্ভেয়ার ও ০১ (এক) জন সার্ভে সহায়কের ০১ দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ।	বদর ফি ডিসিআর এর মাধ্যমে নগদ আদায় করতে হবে।
০৮	আপিল বিধি- ৩১	(ক) আপিল কেস নিষ্পত্তি (খ) আপিল মামলা গ্রহণ (i) প্রতিকেস-এর জন্য কোর্ট ফি প্রদেয় (ii) আপিল প্রতি কেসের প্রতি ঠিকানায় প্রসেস ফি (গ) বদর (পুনরায় পরিমাপ) ফি (প্রথম দাগ) (ঘ) পরবর্তী প্রতি দাগ (ঙ) বদর আমিন (সার্ভেয়ার)	বিনামূল্যে ৪০/- (চল্লিশ টাকা) ৫০/- (পঞ্চাশ) টাকা ১৫/- (পনের টাকা) ০৩/- (তিন) টাকা বদর ফি ডিসিআর এর মাধ্যমে নগদ আদায় করতে হবে। ক্যাম্প হতে মৌজার দুরত্ব ৬ মাইলের উর্দে হলে ০১ জন সার্ভেয়ার ও ০১ জন সার্ভে সহায়কের ০১ দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ।	১। সরকারি (জেলা প্রশাসক) কেসের কোর্ট ফি মওকুফ, তবে প্রসেস ফি প্রযোজ্য। ২। বদর ফি ডিসিআর এর মাধ্যমে নগদ আদায় করতে হবে।
০৯	চূড়ান্ত যাঁচ	(ক) নকশা ও খতিয়ান চূড়ান্ত যাঁচকরণ (যাচাই করা) (খ) যাচাই করে প্রাপ্ত মিসটেক (ভুল) সংশোধন করা	বিনামূল্যে	
১০	খসড়া খতিয়ানের (পর্চ) অনুলিপি প্রদান	(ক) প্রতি খতিয়ান	১০০/- (একশত টাকা)	এসএস ম্যানুয়াল, ১৯৩৫ এর ১৪৬ নংবিধি মোতাবেক (পার্ট-১, অধ্যায় VI)
১১	৪২ক ও ৪২খ বিধি মোতাবেক আবেদন দায়ের (মিস কেস)	আবেদনফি ৪২ক (তঞ্চকতা/প্রতারণামূলকভাবে রেকর্ড প্রণীত হলে তার সংশোধন) ৪২খ (করণিক ও গাণিতিক ভুল সংশোধন)	২০/- (বিশ) টাকার কোর্টফি	চূড়ান্ত প্রকাশনার পূর্বে প্রজাস্বত্ব বিধি মালা, ১৯৫৫ এর ৪২ক ও ৪২খ বিধি মোতাবেক মিস কেস গ্রহণ ও নিষ্পত্তি করা হয়।
১২	চূড়ান্ত প্রকাশ	(ক) প্রতিটি খতিয়ান (খ) প্রতিটি নকশা	১০০/- (একশত টাকা) ৫০০/- (পাঁচশত টাকা)	ডিসিআর এর মাধ্যমে আদায় যোগ্য
১৩	৫৩৩, ৫৩৪ ও ৫৩৭ বিধি মতে	আবেদন ফি ৫৩৩ (প্রতারণা মূলভাবে রেকর্ড প্রণীত হলে সংশোধন)	২০/- (বিশ) টাকার কোর্ট ফি	বিধি ৩২ মোতাবেক চূড়ান্ত প্রকাশনার পরে ১৯৩৫

ক্রম	স্তরের নাম	সেবার নাম	সেবামূল্য	মন্তব্য
	আবেদন দায়ের	আবেদন ফি ৫৩৪ (করণিক ভুল ও গাণিতিক ভুল সংশোধন) ৫৩৭ (ম্যাপ সংশোধন)		সনের এসএস ম্যানুয়ালের ৫৩৩, ৫৩৪ ও ৫৩৭ বিধি মোতাবেক আবেদন গ্রহণ করে নিষ্পত্তি করা হয়ে থাকে।
১৪	জাবেদা নকল সরবরাহ (ক) টাইপ /হাতেলেখাকপি (খ)ফটোকপি	(ক) প্রতি আবেদন (খ) ১ হতে ৩৬০ শব্দ পর্যন্ত (গ) ৩৬১ হতে ৭২০ শব্দপর্যন্ত (ঘ) ৭২১ হতে ১০৮১ শব্দপর্যন্ত (ঙ) ১০৮২ হতে ১৪৪০ শব্দপর্যন্ত (চ) ১৪৪১ হতে ১৮০০ শব্দপর্যন্ত (ছ) ১৮০১ হতে ২১৬০ শব্দ পর্যন্ত (জ) ২১৬১ হতে ২৫২০ শব্দ পর্যন্ত (ঝ) ২৫২১ হতে ২৮৮০ শব্দ পর্যন্ত	২০/- (বিশ) টাকার কোর্ট ফি ২.৫০/- (আড়াই টাকা) (সর্বনিম্ন) ৫.০০/- (পাঁচ টাকা) ৭.৫০/- (সাত টাকা) ১০.০০/- (দশ টাকা) ১২.৫০/- (সাতের বার টাকা) ১৫.০০/- (পনের টাকা) ১৭.৫০/- (সাতের সাতের টাকা) ২০.০০/- (বিশ টাকা) (সর্বোচ্চ)	আবেদন দাখিলের অনধিক ৭ (সাত) দিনের মধ্যে নকল সরবরাহ করতে হবে। কোর্ট ফির মাধ্যমে আদায় করতে হবে।

০৫। জনাব দেবশীস বশাক, সহকারী কমিশনার (ভূমি), লালপুর, নাটোর সভাকে জানান যে, সরকারি রাজস্ব বৃদ্ধির জন্য যেমন জরিপ অপরিহার্য, তেমনই প্রকৃত ভূমি মালিক তার সঠিক মালিকানা সনদ। তাই সঠিক মালিকানা নির্ধারণ, সূষ্ঠ ও নির্ভুল রেকর্ড ও নকশা প্রস্তুতের জন্য আমাদের সকলকে জরিপ কাজের সার্বিক সহযোগিতার হাত বাড়িয়ে দিতে হবে। তিনি আরো জানান যে, জরিপ কাজে তিনি আইনানুগ সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

০৬। জরিপ জনাব মো: মনোয়ারুজ্জামান, ভারপ্রাপ্ত কর্মকর্তা, লালপুর থানা, লালপুর, নাটোর সভাকে জানান যে, সঠিক জরিপ পারে মারামারি, হানাহানি ও মামলা মোকদ্দমা হ্রাস করতে। তাই সকলকে সঠিক রেকর্ড ও নকশা প্রস্তুতের স্বার্থে জরিপের বিরোধিতা না করে সহযোগিতা করা প্রয়োজন।

০৭। জনাব মো: ইছহাক আলী, চেয়ারম্যান, লালপুর উপজেলা পরিষদ, নাটোর কর্তৃক ডিজিটাল জরিপের গুরুত্ব ও প্রয়োজনীয়তা তুলে ধরে জরিপ কাজে সকলকে সার্বিক সহযোগিতা প্রদানের আহবান জানান।

০৮। জনাব মো: সিদ্দিক আলী (মিষ্ট), চেয়ারম্যান, ৫নং বিলমাড়ীয়া ইউনিয়ন পরিষদ, লালপুর, নাটোর এবং জনাব মো: তোফাজ্জল হোসেন তুফা, চেয়ারম্যান, ৮ নং দুড়দুড়িয়া ইউনিয়ন পরিষদ, লালপুর, নাটোর উভয়ই জরিপের গুরুত্ব ও প্রয়োজনীয়তা তুলে ধরেন। আলোচ্য মৌজা দু'টি জরিপকরণের জন্য দীর্ঘদিনের চাহিদার প্রেক্ষিতে জরিপের কর্মসূচী গৃহীত হয়েছে। কাজেই সকলকে জরিপ কাজের সার্বিক সহযোগিতা করতে হবে। কেননা জরিপ ভূমি মালিকগণের মালিকানা সনদ নিশ্চিত করে। সভায় চেয়ারম্যানগণের পক্ষ থেকে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন।

০৯। সভাপতি পরিশেষে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করেনঃ-

(ক) জরিপের স্তরভিত্তিক সেবা এবং সেবামূল্যের কপি জনসাধারণের মাঝে ব্যাপকভাবে বিলি করার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। (খ) ব্যাপকভাবে মাইকিং এবং মসজিদের ঈমামগণের সহযোগিতায় ব্যাপক প্রচার এবং ব্যাপক গণসংযোগ না করে কোনো মৌজার জরিপ কাজ শুরু করতে হবে।

(গ) মৌজার খানাপুরি-বুঝারত এবং সত্যায়ন (Attestation) এর কর্মপরিকল্পনা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীর নাম ও মোবাইল নম্বর সম্বলিত ব্যানার সংশ্লিষ্ট মৌজার জনবহুল এলাকায় প্রকাশ্য স্থানে বুলিয়ে/টানিয়ে রাখতে হবে।

(ঘ) সরকারি জমি অপদখল হলে অপদখলকৃত অংশ ডট লাইন দিয়ে পৃথক পুট নং বসিয়ে ম্যাপ এবং তদানুযায়ী খতিয়ান সৃজনপূর্বক সরকারের নামে যথাযথভাবে রেকর্ড করতে হবে।

(ঙ) দখল হতে হবে আইনানুগ এবং শান্তিপূর্ণ। অবৈধ দখলকে কোর্সমতেই গুরুত্ব প্রদান করা সমীচীন যাবে না।

(চ) সরকারী সম্পত্তির রেকর্ড যথাযথভাবে প্রস্তুত নিশ্চিত করতে হবে।

(ছ) ভূমি মালিকগণকে কোন প্রকার হয়রানি করা যাবে না। তাদের প্রদর্শিত কাগজপত্র দেখে জরিপ বিধি মোতাবেক রেকর্ড প্রদান করতে হবে।

(জ) কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে ভূমি মালিকগণকে হয়রানির অভিযোগ পাওয়া গেলে, সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঝ) সার্কেল অফিসার/চার্জ অফিসার এবং হক্কা অফিসারগণ নিবিড় তদারকির মাধ্যমে ডিজিটাল জরিপ কাজ সুসম্পন্ন করতে হবে। (ঞ) সেবা গ্রহীতাদের বক্তব্য মনোযোগ সহকারে প্রমাণিক কাগজপত্রের আলোকে প্রতিকারের ব্যবস্থা নিবেন। সেবা গ্রহীতাকে প্রতিকার দেয়া সম্ভব না হলে ভাল করে বুঝিয়ে বলতে হবে এবং করণীয় বিষয়ে অবহিত করতে হবে।

(ট) চার্জ অফিসার, রাজশাহী তার অঞ্চলের সকল স্তরের কাজ সার্বিক তদারকির মাধ্যমে ডিজিটাল ও ম্যানুয়াল জরিপ কাজ ত্বরান্বিত করবেন।

সভাপতি সকলকে সরকারী নির্দেশনা মোতাবেক সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্য বিধি মেনে কাজের অগ্রগতি সন্তোষজনক পর্যায়ে এগিয়ে নেয়ার আহ্বান জানান। নির্ধারিত সময়ের মধ্যে সঠিকভাবে জরিপ কাজ সম্পন্নকরণসহ জনগণ যাতে ভোগান্তির শিকার না হয়, সেদিকে খেয়াল রাখার উপর গুরুত্বারোপ করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(খান মোঃ নাজমুস শোয়েব)
উপসচিব
সেটেলমেন্ট অফিসার
দিয়ারা অপারেশন, ঢাকা।
ফোন : ০২-৮১৭০০৬৮
e-mail : diarahaka@gmail.com

স্মারক নং- ৩১.০৩.২৬৯২.০২১.০৬.০০৭.২৩- ১৮৬

তারিখ - ২৩/০২/২০২৩ খ্রি:

বিতরণ : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

- ০১। মহাপরিচালক (গ্রেড-১), ভূমি ভবন, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা - ১২০৮
- ০২। জেলা প্রশাসক, নাটোর।
- ০৩। সচিবের একান্ত সচিব (উপসচিব), ভূমি মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ০৪। চার্জ অফিসার, দিয়ারা অপারেশন, চট্টগ্রাম/ঢাকা /বরিশাল/রাজশাহী
- ০৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, লালপুর, নাটোর
- ০৬। সহকারী কমিশনার (ভূমি), লালপুর, নাটোর।
- ০৭। জনাব মোঃ মনোয়ারুজ্জামান, ভারপ্রাপ্ত কর্মকর্তা, লালপুর থানা, লালপুর, নাটোর
- ০৮। জনাব মোঃ ইছহাক আলী, চেয়ারম্যান, লালপুর উপজেলা পরিষদ, নাটোর,
- ০৯। কারিগরী উপদেষ্টা, দিয়ারা অপারেশন, ঢাকা
- ১০। জনাব মোঃ সিদ্দিক আলী, (মিষ্ট্র), চেয়ারম্যান, ৫নং বিলমাড়িয়া ইউনিয়ন পরিষদ, লালপুর, নাটোর,
- ১১। জনাব মোঃ তোফাজ্জল হোসেনতুফা, চেয়ারম্যান, ৮ নং দুডুড়িয়া ইউনিয়ন পরিষদ, লালপুর, নাটোর
- ১২। জনাব মোঃ আমিনুল ইসলাম চৌধুরী, ভারপ্রাপ্ত সিএ, দিয়ারা অপারেশন, ঢাকা-ইমেইলে প্রেরণ ও ওয়েব সাইটে প্রকাশের জন্য
- ১৩। অফিস কপি।

সেটেলমেন্ট অফিসার
দিয়ারা অপারেশন, ঢাকা